হরিণাকুণ্ডু পৌরসভার নৌকার প্রার্থী মনোনিত হলেন ফারুক হোসেন

সকল জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে হরিণাকুণ্ডু পৌরসভার নৌকার প্রার্থী হিসেবে মনোনিত হলেন হরিণাকুণ্ডু পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফারুক হোসেন।

শনিবার সন্ধ্যা ৬টায় আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের মনোনয়ন কমিটির সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

ঝিনাইদহ আওয়ামী লীগের একটি নির্ভরযোগ্য সূত্র এই তথ্য নিশ্চিত করেন।

এছাড়াও কোটচাঁদপুর পৌরসভায় আওয়ামী লীগের দলীয় প্রার্থী হিসেবে মোঃ শাহাজান আলী কে মনোনয়ন দেওয়া হয়েছে বলেও সূত্রটি জানান।

মেহেরপুরে যুব প্রজন্মলীগের বিরুদ্ধে জেলা তাঁতীলীগের সংবাদ সম্মেলন

মেহেরপুর জেলা তাঁতীলীগের বিরুদ্ধে যুব প্রজন্মলীগের সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক কুটউক্তি করায় সংবাদ সম্মেলন করেছে জেলা তাঁতীলীগ। বুধবার সন্ধায় জেলা তাঁতীলীগের কার্যালয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেন মেহেরপুর জেলা তাঁতীলীগের সদস্য সচিব জুয়েল রানা। এ সময় তিনি বলেন, গত সোমবার মুজিবনগর উপজেলা যুব প্রজন্মলীগের কমিটি ঘোষনা করার সময় জেলা কমিটির সাধারণ সম্পাদক জাহিদ হাসান ও সাংগঠনিক সম্পাদক খাইরুল ইসলাম জেলা তাঁতীলীগের

বিরুদ্ধে বিভিন্ন অশালিন বক্তব্য দেন।

এতে জেলা তাঁতীলীগের ভাবমূর্তি ক্ষুন্ন করার চেষ্টা করেছে। আমরা জেলা তাঁতীলীগের পক্ষ থেকে এ ধরনের ঘটনার তিব্র দিন্দা জানাচ্ছি। সেই সাথে জেলা আওয়ামীলীগ ও প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি। যাতে করে এই ধরনের ঘটনা না ঘটে, সেই ব্যবস্থা করবেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম সুবাদ, তাঁতীলীগ নেতা টিটন সহ তাঁতীলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

শৈলকুপায় আওয়ামী লীগ নেতার বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার: আটক ২

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগ নেতা ও ইউপি চেয়ারম্যানের বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। এসময় আটক করা হয়েছে ২ কারিগরকে।

শৈলকুপা উপজেলার ১০নং বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের বগুড়া গ্রামের বাড়ি থেকে গতকাল এসব উদ্ধার করা হয়। উদ্ধার করা দেশীয় অস্ত্রের মধ্যে রয়েছে ৪৭টি সড়কি, ১৯টি ঢাল ও ১১/১৩ কেজি বেতসহ এসব তৈরির অন্যান্য সরঞ্জাম।

এলাকাবাসী ও পুলিশ জানিয়েছে, শৈলকুপা উপজেলার বগুড়া ইউনিয়নে প্রায়শ্বই দেশীয় অস্ত্র ঢাল-সড়কি, তরবারি নিয়ে হানাহানি ও ক্যাইজা-দাঙ্গা চলে আসছে। গ্রাম্য দলাদলী, জমি নিয়ে বিরোধ ও আধিপত্য বিস্তার নিয়ে এসব অস্ত্র-শস্ত্র ব্যবহার করা হয়। এতে করে হতাহত, বাড়িঘর-ভাঙচুর, লুটপাট ও আইনশৃঙ্খলার অবনতি ঘটে আসছে।

শৈলকুপায় পৌর নির্বাচন, উপজেলা পরিষদ নির্বাচন ও ইউপি নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে তৎপর রয়েছে থানা পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে থানা পুলিশের

সহযোগীতায় শৈলকুপার হাটফাজিলপুর ক্যাম্প পুলিশ গতকাল এক অভিযানে নেমে এসব দেশীয় অস্ত্র উদ্ধার করতে সক্ষম হয়।

শৈলকুপার হাটফাজিলপুর পুলিশ ফাঁড়ির আইসি এসআই ফারুক হোসেন জানান, বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান নজরুল ইসলামের বগুড়া গ্রামের পুরাতন বাড়ি থেকে এসব দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। এসময় ২জন কারিগরকে ঘটনাস্থল থেকে আটক করা হয়।

এদিকে এ ঘটনা সম্পর্কে শৈলকুপার বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা নজরুল ইসলামের সাথে বারবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি তার মোবাইল ফোন রিসিভ করেননি।

ভাস্কর্য ভাঙায় অভিযুক্ত যুবলীগ সভাপতি বহিষ্কার

কুষ্টিয়ার বিপ্লবী বাঘা যতীনের ভাস্কর্য ভাঙায় জড়িত থাকার অভিযোগে দল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে কুমারখালী উপজেলার কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আনিচুর রহমান আনিচকে।

গতকাল শনিবার বিকেলে উপজেলা যুবলীগের দপ্তর সম্পাদক মনোয়ার হোসেন এ তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, রাষ্ট্রবিরোধী কর্মকান্ডে জড়িত থাকার অপরাধে কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আনিচুর রহমান আনিচকে দল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক মনির হাসান রিন্টু বলেন, যুবলীগ কোনো রাষ্ট্রবিরোধী কর্মকান্ডে জড়িত থাকতে পারে না। ব্যাপারটি ক্ষতিয়ে দেখতে ইতোমধ্যে পাঁচ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

শৈলকুপায় বিএনপি মনোনীত মেয়র প্রার্থীর মনোনয়ন জমা

ঝিনাইদহের শৈলকুপা পৌর নির্বাচনে মেয়র পদে বিএনপি মনোনীত প্রার্থী খলিলুর রহমান মনোনয়ন পত্র দাখিল করেছেন। গতকাল শনিবার বিকাল ৪টায় পৌর নির্বাচনের সহকারী রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে তিনি এ মনোনয়ন পত্র জমা দেন।

এ সময় তার সাথে উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা বিএনপির আহবায়ক আবুল হোসেন, পৌর বিএনপির আহবায়ক আবু তালেব মিয়া, যুগ্ম আহবায়ক মিজানুর রহমান বাবলু, সেলিম রেজা ঠান্ডু।

পৌর নির্বাচনের সহকারী রিটার্নিং কর্মকর্তা উপজেলা নির্বাচন অফিসার জুয়েল আহম্মেদ জানান, শনিবার বিকাল ৪টায় পৌর নির্বাচনে মেয়র পদে বিএনপি মনোনীত প্রার্থী খলিলুর রহমান মনোনয়ন পত্র দাখিল করেছেন। আগামী ১৬ জানুয়ারী ইভিএমএ ভোট গ্রহণ সম্পন্ন হবে বলেও তিনি জানান।

জেলা বিএনপির উদ্দ্যোগে মহান বিজয় দিবস পালন

“মহান বিজয় দিবস-২০২০ হোক শৃংখল মুক্তির” এই অঙ্গীকারে আলোচনা সভা, বর্নিল শোভাযাত্রা, শহীদ স্মৃতিসৌধে পুস্পমাল্য অর্পণ সহ বিভিন্ন কর্মসূচী পালন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ বুধবার সকাল ১০টায় মেহেরপুর জেলা বিএনপি কার্যালয় প্রাঙ্গনে পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, সদর

উপজেলা বিএনপির সভাপতি অ্যাডঃ মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির সহ-সভাপতি শেখ সাঈদ আহমেদ, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, প্রমুখ।

আলোচনা সভা শেষে পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে বর্ণিল বিজয় শোভাযাত্রা শহর প্রদক্ষিন করে মেহেরপুর সরকারি কলেজ মোড়স্থ শহীদ স্মৃতিসৌধে পুস্মমাল্য অর্পণ করা হয়।

আলোচনা সভা, শোভাযাত্রা ও পুস্পমাল্য অর্পণ কর্মসূচীতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, মেহেরপুর পৌর বিএনপির সহ-সভাপতি হাজী ফজলু খান, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম সম্পাদক মনিরুল ইসলাম মনি, পৌর বিএনপির সহ-সভাপতি হাবিব ইকবাল, জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা,

সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক আবু ইউসুফ মিরন, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক হাফিজুর রহমান হ্যাপি, জেলা মুক্তিযোদ্ধা দলের আহবায়ক রাইহানুল কবীর, জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু,

জেলা জাসাস এর আহবায়ক প্রভাষক মাহফুজুর রহমান অশেষ, জেলা জাসাস এর সদস্য সচিব বাকাবিল্লাহ, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সহ-সভাপতি তৌফিক এলাহী সাকিল, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশেদুল ইসলাম রাজন, মেহেরপুর সরকারী কলেজের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

জেলা আওয়ামী লীগের মহান বিজয় দিবস পালন

বর্ণাঢ্য র্যালী, পুষ্প মাল্য অর্পণের মধ্য দিয়ে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে মহান বিজয় দিবস পালন করা হয়েছে।

আজ বুধবার সকালে মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে র্যালী বের করা হয়।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনের সামনে থেকে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেকের নেতৃত্বে র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কলেজ মোড়ে শহীদ স্মৃতি বেদীতে পুষ্প মালা অর্পণ করেন। এ সময় সেখানে মোনাজাত করা হয়।

এ সময় উপস্থিত ছিরেন, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, পিপি পল্লব ভট্টাচার্য, কেন্দ্রীয় যুব মহিলা লীগের সদস্য শামীম আরা হীরা, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামান, কুতুবপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ইদ্রিস আলী, অতিরিক্ত পিপি কাজি শহীদ, জেলা যুব মহিলা লীগের সভানেত্রী সামিউন বাসির পলি সহ আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গভীর রাতে বিএনপি নেতা ইশরাক হোসেনের বাসভবনে হামলা

বিএনপি নেতা ইঞ্জিনিয়ার ইশরাক হোসেনের গোপিবাগের বাসভবনে হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার দিবাগত রাত ৩ টার দিকে এ হামলার ঘটনা ঘটে।

এসময়, বাসায় তেমন কোন লোকজন না থাকায় হতাহতের ঘটনা না ঘটলেও

বাসভবনের গ্লাস ভাঙচুর করা হয়েছে। ইট পাটকেল নিক্ষেপ করে বাসার গ্লাস ও বাসার সামনের পোস্টার ও ফেস্টুন ছিঁড়ে ফেলা হয়েছে।

তবে, কে বা কারা হামলা চালিয়েছে এ বিষয়ে স্পষ্টভাবে কিছু জানা না গেলেও প্রত্যক্ষদর্শীরা বলছেন, জয় বাংলা স্লোগান দিয়ে এসেছিল হামলাকারীরা।

তারা বলছেন, আনুমানিক রাত ২ টার পরপরই প্রায় ১ থেকে দেড়’শ মোটর সাইকেলের বহর আসে গোপীবাগের ২য় লেনে। এরপর সেখান থেকেই আকস্মিকভাবে হামলা চালায় তারা।

এ সময় ইট পাটকেল ও দেশীয় অস্ত্রে সজ্জিত হামলাকারীরা হেলমেট পড়া অবস্থায় থাকায় তাদের চেনা যায়নি বলেও জানান তারা।

হামলার সময় ইশরাক হোসেন এ বাসায় ছিলেন না।

আলমডাঙ্গায় বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা

আলমডাঙ্গার বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে আনন্দধাম রোডের ফায়ার সার্ভিস সংলগ্ন চাতালে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল জব্বারের সভাপতিত্বে উপস্থিত ছিলেন যুগ্ন আহবায়ক কামরুজ্জামান বকুল, গোলাম মোস্তফা বিশ্বাস, মিজানুর রহমান, সাবেক কমিশনার নাসির উদ্দিন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আজিজুর রহমান।

পিন্টুর উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন হাফিজুর রহমান চমক, জিল্লুর রহমান ওল্টু, মানোয়ার হোসেন মল্লিক, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি রফি উদ্দিন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, হারদি বিএনপি নেতা প্রবাস খান, যুবদল নেতা মকলেছুর রহমান মুকুল,

খাইরুল ইসলাম, সালাম শাহ, সুমন, রফিকুল ইসলাম, জাহাঙ্গীর আলম চৌধুরী, পৌর বিএনপির সদস্য সচিব সাইফুল ইসলাম কনক, ছাত্রদলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব রাসেল আহমেদ প্রমুখ।

মেহেরপুরে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে জাতীয় পার্টির প্রস্তুতি সভা

মেহেরপুরে জাতীয় পার্টির উদ্যোগে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভার আয়োজন করা হয়েছে।

গতকাল সোমবার বিকালে মেহেরপুরের কাথুলী বাজারে মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক সাইফুল ইসলামের নেতৃত্বে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির সদস্য সচিব আব্দুল হাদী, জেলা জাতীয় পার্টির যুগ্ম আহবায়ক সুমন পারভেজ সহ জেলা জাতীয় পার্টির সদস্য সেলিম রহমান, হামিদুল ইসলাম, মোহাম্মদ মিঠু, আব্দুল রাজ্জাক, কুতুব উদ্দীন, মান্নান, আব্দুল বাকি, মোসলেম আলী, বাবলু, হাবিবুর রহমান হাবিব, আরীফ বিল্লাহ,বারেক আলী প্রমুখ।